# শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ

**প্রধান শাখা:** সাধারণ বীমা কর্পোরেশন ভবন, ৯৩, কাজীহাটা, গ্রেটার রোড, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬০৭১৫, ০২৫৮৮৮৬০৭১৩, ০২৫৮৮৮৬১২৪৮, ০২৫৮৮৫৭৩৬৮, ০২৫৮৮৮৫৪৭৩৭
Email: smnss.cnb@gmail.com

**উপশহর শাখা:** বাড়ী- ২৬২, সেক্টর-০২, উপশহর হাউজিং এস্টেট, সপুরা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৪৭৮৬০২২৬
Email: smnss.upo@gmail.com

**তালাইমারী শাখা:** বাড়ী-৫৩২, ওয়ার্ড- ২৫, তালাইমারী নর্দান মোড়, জাহাঙ্গীর সরণী, কাজলা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬৬৬১৬
Email: smnss.talaimari@gmail.com

Email: shimulmemorial@gmail.com
Facebook Page: Shimul Memorial North South School and College Rajshahi
School Code: 1976 College Code: 1234 EIIN No: 136830 Estd: 2003 Web Address: www.smnssc.com


**সুত্রঃ শিমেনসাস্কু: ২০২৬০৭০৪৮** **তারিখ: ১৫/০৭/২০২৬ খ্রি**

## নোটিশ

এতদ্বারা **শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজের** ৬ষ্ঠ, ৯ম ও ১০ম শ্রেণির সম্মানিত অভিভাবকবৃন্দ ও শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই শহিদ দিবস ২০২৬ যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও শ্রদ্ধার সঙ্গে পালনের লক্ষ্যে জেলা প্রশাসন, রাজশাহীর উদ্যোগে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে জুলাই শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মানে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হবে।

এরই ধারাবাহিকতায় শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজে জুলাই শহিদ দিবস উপলক্ষে একটি বিশেষ আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে জুলাই আন্দোলনের শহিদদের আত্মত্যাগ, দেশপ্রেম, গণতান্ত্রিক মূল্যবোধ, জাতীয় চেতনা এবং ভবিষ্যৎ প্রজন্মের করণীয় বিষয়ে শিক্ষার্থীদের অবহিত করা হবে। একই সঙ্গে জুলাই শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা, কৃতজ্ঞতা জ্ঞাপন ও দোয়া পরিচালনা করা হবে।

অতএব, প্রতিষ্ঠানের ৬ষ্ঠ, ৯ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীদের আগামীকাল ১৬/০৭/২০২৬ খ্রি বৃহস্পতিবার অর্ধ-বার্ষিক পরীক্ষার পরে **দুপুর ০২:৩০ ঘটিকা হতে ৩:৩০ ঘটিকা** পর্যন্ত স্কুল ইউনিফর্ম পরিধান করে স্ব স্ব শাখার হলরুমে উপস্থিত থাকার নির্দেশ এবং সম্মানিত অভিভাবকবৃন্দকে তাঁদের সন্তানদের অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য আন্তরিকভাবে অনুরোধ করা যাচ্ছে।

সবার সম্মিলিত অংশগ্রহণের মাধ্যমে জুলাই শহিদদের স্মৃতির প্রতি যথাযথ সম্মান প্রদর্শন এবং দেশপ্রেম, মানবিকতা ও জাতীয় মূল্যবোধে উদ্বুদ্ধ একটি সচেতন প্রজন্ম গড়ে তোলাই আমাদের প্রত্যাশা।

**অধ্যক্ষ**
**শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ**